গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির এপ্রিল ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ৩০/০৪/২০২৪
সময় : বেলা ১২:৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ও ভার্চুয়াল

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২২/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়/কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা	সভায় অবহিত করা হয় যে, শিল্প মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী চলমান আছে। ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ১৮/০৪/২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং এবিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়
২.২	২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ক) নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভায় জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরে ১৫টি কার্যক্রম আছে সভায় প্রতিটি কার্যক্রম উপস্থাপন করা হয়। ক. মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির ১টি করে মোট ৪টি সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। প্রথম ত্রৈমাসিকে ২টি সভা, ২য় ত্রৈমাসিকে ৩টি সভা, ৩য় ত্রৈমাসিকে ৩টি সভা এবং ৪র্থ ত্রৈমাসিকে ১টি সভার আয়োজন করা হয়েছে।	প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির ১টি করে মোট ৪টি সভা আয়োজন করতে হবে।	শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়
	খ) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভায় জানানো হয় যে, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করা হয়।	নৈতিকতা কমিটির প্রতিটি সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করতে হবে।	শুদ্ধাচার বিষয়ক ফোকাল ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়

ক্রম	বিষয়/কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	গ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২টি সভা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী ১ম সভা ১৭/১২/২৩ তারিখে এবং ২য় সভাটি ২৭/০৩/২০২৪ তারিখে বাস্তবায়ন করা হয়েছে।	চলমান ২০২৩-২৪ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২টি সভা বাস্তবায়ন করা হয়েছে।	শুদ্ধাচার বিষয়ক ফোকাল ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়
	ঘ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত কমপক্ষে ৩টি প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে মোট ১৫০ জনবলকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ১ম ত্রৈমাসিকের ১০৩ জনের প্রশিক্ষণ ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১টি প্রশিক্ষণ ফেব্রুয়ারি/২৪ মাসে বাস্তবায়িত হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ১৫০ জনের প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে।	উপসচিব (স্থানীয় প্রশিক্ষণ), শিল্প মন্ত্রণালয়
	ঙ) কর্ম-পরিবেশ উন্নয়নে কার্যক্রম • পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি • নথি বিনষ্টকরণ	সভায় অবহিত করা হয় যে, কর্মপরিবেশ উন্নয়নে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ও নথিবিনষ্টকরণ এ দুটি কার্যক্রম রয়েছে। পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রমটি সারা বছর চলমান থাকবে। নথি বিনষ্টকরণের তালিকা সংগ্রহের কাজ চলছে এবং মন্ত্রণালয়ের সকল শাখা হতে এখনো বিনষ্টযোগ্য নথির তালিকা পাওয়া যায়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে তাগিদপত্র প্রদান করা হয়েছে।	২০২৩-২৪ অর্থবছরে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ও নথি বিনষ্টকরণ এ দুটি কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। যেসব শাখা হতে ইতোমধ্যে বিনষ্টযোগ্য নথির তালিকা পাওয়া গিয়েছে সেসব শাখার তালিকা অনুযায়ী নথি বিনষ্ট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপসচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয়
	চ) আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান •	প্রতি ত্রৈমাসিকে দপ্তর/সংস্থার দাখিলকৃত শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ১টি করে মোট ৩টি ত্রৈমাসিকে ৩টি ফিডব্যাক প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী ১য় ত্রৈমাসিকের সভাটি ২৬/১০/২০২৩ তারিখে, ২য় ত্রৈমাসিকের ফিডব্যাক সভাটি ২৪/১/২০২৪ তারিখে এবং ৩য় ত্রৈমাসিকের সভাটি ২৯/৪/২৪ তারিখে বাস্তবায়ন করা হয়েছে।	আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩টি ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সম্পন্ন করা হয়েছে।	শুদ্ধাচার বিষয়ক ফোকাল ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়
	ছ) ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের ওয়েবসাইটে প্রকাশ	সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয় পরিকল্পনা ২৬/০৭/২০২৩ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ওয়েবসাইটে ক্রয় পরিকল্পনা ২৬/০৭/২৩ তারিখে আপলোড করা হয়েছে।	উপসচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয়
	জ) অনুমোদিত বার্ষিক ক্রয়	সভায় জানানো হয় যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ত্রৈমাসিকভিত্তিক ধারাবাহিকভাবে	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী	উপসচিব (সাধারণ

ক্রম	বিষয়/কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন	বাস্তবায়নের মাধ্যমে বছর শেষে শতভাগ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। ক্রয় পরিকল্পনায় ঘোষিত পদ্ধতি বা সকল ধাপ অনুসরণপূর্বক বাস্তবায়ন করতে হবে। ৩য় ত্রৈমাসিক পর্যন্ত বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন ৩৮.২০% সম্পন্ন করা হয়েছে।	যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সেবা), শিল্প মন্ত্রণালয়
	ঝ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	সভায় জানানো হয় যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ত্রৈমাসিকভিত্তিক ধারাবাহিকভাবে বাস্তবায়নের মাধ্যমে বছর শেষে শতভাগ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। ৩য় ত্রৈমাসিক পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন ৩৫.৬০% সম্পন্ন করা হয়েছে।।	বার্ষিক উন্নয়ন কর্মসূচি শতভাগ বাস্তবায়ন করতে হবে।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয়
	ঞ) প্রকল্পের পিএসসি (PSC) ও পিআইসি (PIC) সভা আয়োজন	সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ে ৮১টি পিএসসি সভা এবং ৪টি পিআইসি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ পর্যন্ত ৬২টি পিএসসি সভা ও ৪টি পিআইসি সভার আয়োজন করা হয়েছে।	প্রতি ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অনুযায়ী পিএসসি সভা আয়োজন করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয়
	ট) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রকল্প সমাপ্তি শেষে পরবর্তী ৩ মাসের মধ্যে বিধিমোতাবেক প্রকল্পের মালামাল হস্তান্তরের লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী বিএসএফআইসি'র ১টি প্রকল্পের মালামাল হস্তান্তর করা হয়েছে।	প্রকল্প সমাপ্তি শেষে বিধিমোতাবেক প্রকল্পের মালামাল হস্তান্তর করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয়
	ঠ) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন ও গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এবং একইসাথে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ যেন দপ্তর/সংস্থাসমূহের গাড়ি ব্যবহার না করেন এবং বিধিবহির্ভুতভাবে প্রকল্পের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি সকলকে অবহিত করা হয়েছে।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।	উপসচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয়
	ড) গুলশান, বাড্ডা ও ভাটারা থানায় ১৫টি প্রতিষ্ঠানের প্যাকেজ ড্রিংকিং ওয়াটার (জার ও বোতলজাতকৃত) পরীক্ষণ ও মনিটরিং	সভায় জানানো হয় যে, উক্ত কার্যক্রমটি বিএসটিআই কর্তৃক বাস্তবায়িত হবে। মন্ত্রণালয় পর্যায়ে মাসিক মনিটরিং এবং অর্ধবার্ষিক সভার মাধ্যমে কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে। ১১/১২/২০২৩ তারিখে মনিটরিং সভা অনুষ্ঠিত হয়েছে।	গুলশান ও বাড্ডা এলাকার ১৫ টি প্রতিষ্ঠানের প্যাকেজ ড্রিকিং ওয়াটারের মান উন্নয়নে মন্ত্রণালয় হতে মনিটরিং যথাযথভাবে করতে হবে এবং যেসকল প্রতিষ্ঠান/শাখা/অধিশাখা সংশ্লিষ্টতা রয়েছে সকলের	মহাপরিচালক, বিএসটিআই এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল ও বিকল্প ফোকাল পয়েন্ট

ক্রম	বিষয়/কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	এর মাধ্যমে গুণগতমান উন্নয়ন		সহযোগিতায় এ কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	কর্মকর্তা ও শিল্প মন্ত্রণালয়
	ঢ) বিসিক ও বিএসটিআই'র কর্তৃক আয়োডিন সমৃদ্ধ লবনের নমুনা সংগ্রহ, পরীক্ষা ও ব্যবস্থা গ্রহণের কার্যক্রমটি অর্ধবার্ষিক সভার মাধ্যমে মনিটরিং	সভায় জানানো হয় যে, উক্ত কার্যক্রমটি বিসিক ও বিএসটিআই কর্তৃক বাস্তবায়িত হবে। মন্ত্রণালয় পর্যায়ে মাসিক মনিটরিং এবং অর্ধবার্ষিক সভার মাধ্যমে কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে। ১১/১২/২০২৩ তারিখে মনিটরিং সভা অনুষ্ঠিত হয়েছে।	বিসিক ও বিএসটিআই কর্তৃক আয়োডিনসমৃদ্ধ লবণের পরীক্ষণ কার্যক্রমটি মন্ত্রণালয় হতে মনিটরিং যথাযথভাবে করতে হবে এবং যেসকল প্রতিষ্ঠান/শাখা/অধিশাখার সংশ্লিষ্টতা রয়েছে সকলের সহযোগিতায় এ কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	চেয়ারম্যান, বিসিক, মহাপরিচালক, বিএসটিআই এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়
	ণ) সিসি ক্যামেরা ও অ্যাপসের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম মনিটরিং	সভায় সিসি ক্যামেরার মাধ্যমে প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	সিসি ক্যামেরা ও বিভিন্ন অ্যাপসের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম মনিটরিং করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক সংরক্ষণ করতে হবে।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও আইসিটি অধিশাখা, শিল্প মন্ত্রণালয়
২.৩	২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান	সভাকে অবহিত করা হয় যে, ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম নীতিমালা ২০২১ অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে গঠিত কমিটি পুনর্গঠন করা যেতে পারে। **পূর্বের গঠিত কমিটি নিম্নরূপ:** ১. যুগ্মসচিব (প্রশাসন)- আহ্বায়ক ২. যুগ্মসচিব (জাস, সমন্বয়, প্রওম ও এপিএ) - সদস্য ৩. উপসচিব, জাস ও সমন্বয় - সদস্য ৪. উপসচিব, স্থানীয় প্রশিক্ষণ - সদস্য ৫. সিস্টেম এনালিস্ট - সদস্য ৬. উপসচিব, এপিএ, এনআইএস ও জিআরএস - সদস্য সচিব।	শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী পূর্বে গঠিত কমিটি ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান যথাসময়ে বাস্তবায়ন করতে হবে এবং এ মাসেই কার্যক্রম শুরু করতে হবে।	শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি, শিল্প মন্ত্রণালয়
২.৪	২০২৪-২৫ অর্থবছরের খসড়া শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা উপস্থাপন	সভায় ২০২৪-২৫ অর্থবছরের খসড়া শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা উপস্থাপন করা হয় এবং প্রতিটি কার্যক্রম পৃথক পৃথকভাবে আলোচনা করা হয়।	২০২৪-২৫ অর্থবছরের খসড়া শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে এনআইএস সফটওয়্যারের মাধ্যমে যথাসময়ে প্রেরণ করতে হবে।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়।

০৩. অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৭/০৫/২০২৪
জাকিয়া সুলতানা
সিনিয়র সচিব
শিল্প মন্ত্রণালয়